Bengali

একুইট কেয়ারে বহুবিধ ঔষধরোধী অরগানিজমস্ (**এমডিআরও সমূহ**)
Multi-Drug Resistance Organisms **(MDROs)** in Acute Care

এমডিআরও সমূহ কি ?

বহুবিধ ঔষধরোধী অরগানিজমস্ (এমডিআরও সমূহ) হইল ঐ সকল জীবানু যাহারা আপনার অন্ত্রনালীতে (পরিপাকতন্ত্রে) বসবাস করিতে পারে।

আপনি হয়তো কারবাপেনেম-রেজিষ্টেন্ট এন্টারোব্যাকটেরিয়াসিয়ে (সিআরই) অথবা কারবাপেনিমেছ-প্রডিউসিং এন্টারোব্যাকটেরিসিয়ে (সিপিই) নামটি শুনিয়া থাকিবেন। এই গুলি এমডিআরও সমূহের প্রকারভেদ। এই জীবানুগুলি স্বাস্থ্যবান মানুষদের মাঝে সংক্রামন সৃষ্টি করেনা, কিন্তু জীবানুগুলি সংক্রামন সৃষ্টিকরিতে পারে যদি সেগুলি শরীরের অন্যান্য অঙ্গে যথা রক্ত, বক্ষ অথবা মূত্রাশয় এ ছড়ায়।

ঐ সকল ব্যাক্তিরাই সংক্রামিত হয় সাধারনত: অন্যান্য কারনে পূর্বেই যাহারা খুব অসুস্থ থাকে। এই জীবানু দ্বারা সংক্রামিতদের চিকিৎসা করা কঠিন কারন ডাক্তার যে এন্টিবায়োটিক গুলি সাধারনত: প্রদান করেন তাহা কাজ করেনা। সুতরাং এমডিআরও সমূহের বিস্তার কমানো জরুরী।

কেন আমাকে পরিক্ষা করা হইতেছে ?

যেহেতু এই জীবানুগুলি কিছু ব্যাক্তির মাঝে মারাত্বক সংক্রামন সৃষ্টি করিতে পারে, যদিও আপনি সংক্রামনের
কোন চিহ্ন প্রদর্শন করেননা তবুও আপনি ঐ জীবানু বহন করেন কিনা জানার জন্য আমরা পরীক্ষা করিতে পারি।

আমরা সর্বদা রোগীদের পরীক্ষা করি যাহারা :

- গত ১২ মাসের ভিতর কানাডার বাহিরে স্বাস্থ্য সেবা নিয়েছেন।
- গত ১২ মাসের ভিতর ভারত, পাকিস্তান, অথবা বাংলাদেশ ভ্রমন করিয়াছেন (যে সকল ব্যাক্তি এই সকল দেশ ভ্রমন করিয়াছেন এই সকল জীবানু তাহাদের অন্ত্রনালীতে বহন করার সম্ভবনা বেশী রহিয়াছে)।
- সম্ভবত: তাহাদের সংস্পর্শে আসিয়াছেন যাহাদের মধ্যে এই জীবানু বিদ্যমান আছে।

পরিবারের সদস্য এবং অতীথিদের পরীক্ষা করিবার প্রয়োজন নাই যদিও তাহারা কানাডার বাহিরে ভ্রমন করিয়াছেন অথবা স্বাস্থ্যসেবা নিয়াছেন কেননা এমডিআরও কদাচিত হাসপাতালের বাহিরে সমস্যা অথবা সংক্রামন সৃষ্টি করে।

কেমন করিয়া এই পরীক্ষা করা হয় ?

অনুসন্ধানী পরীক্ষার জন্য সাধারনত: প্রয়োজন পায়ুদ্বারের সোয়াব। একটি ছোট তুলার সোয়াব পায়ুদ্বারে প্রবেশ করাইয়া মৃদুভাবে ঘোরানো এবং বাহির করিয়া আনা হয়। নমুনাটি পরীক্ষার জন্য পরীক্ষাগারে পাঠানো হয়। পরীক্ষার ফলাফল ফেরত আসিতে কয়েকদিন সময় লাগিতে পারে।

এমডিআরও সমূহ কি চিকিতসাযোগ্য ?

এমডিআরও সমূহের জীবানুগুলি আপনার অন্ত্রনালী অথবা আপনার শরীরের অন্যান্য অংশেও বসবাস করিতে পারে। এমডিআরও সমূহ এর দ্বারা অপনি যদি সংক্রামিত হন, আপনার ডাক্তার এমন এন্টিবায়োটিক নির্বাচন করবেন যাহা এই সকল জীবানুর জন্য কাজ করিবে।

কিভাবে এমডিআরও সমূহের বিস্তার রোধ করিতে হইবে:

হাসপাতালে

যদি আপনার পরীক্ষায় পাওয়া যায় যে আপনার অন্ত্রনালীতে এমডিআরও সমূহ আছে, তার মানে আপনি একজন এমডিআরও সমূহ এর "বাহক"। আপনার হাসপাতালে অবস্থান কালিন সময়ে এই জীবানু অন্যদের মধ্যে ছড়ানো রোধকল্পে :

- যতোবেশী সম্ভব আপনার হাসপাতালের কক্ষেই থাকুন।
- ঘনঘন আপনার হাত পরিস্কার করুন এ্যালকোহল যুক্ত হাতঘষা দ্রব্য অথবা সাবান এবং পানি দ্বারা, বিশেষ করিয়া পায়খানা ব্যবহারের পূর্বে এবং পরে, খাওয়া অথবা পান করার পূর্বে এবং পরে, এবং আপনার কক্ষ ত্যাগ করার পূর্বে।

- **ব্যবহার করিবেননা-** সাধারন স্থানসমূহ যথা রোগীদের রান্নাঘর, উপহারের দোকান অথবা ক্যেন্টিন। আপনি হাসপাতালের অন্যান্য জায়গা সমূহে যাইতে পারেন আপনার চিকিৎসা এবং প্রয়োজনীয় পরীক্ষার জন্য।
- যদি আশেপাসে আপনার হাটাচলা জরুরী হয় তবে আপনার স্বাস্থ্যকর্মীকে জিঙ্গাসা করুন কখন এবং কোথায় আপনি হাটিতে পারিবেন এবং কোন বিশেষ উপকরনের প্রয়োজন আছে কিনা।

কিভাবে এমডিআরও সমূহের বিস্তার রোধ করিতে হইবে:

হাসপাতালে - *চলমান*

পৃথকীকরন

যখন পরীক্ষার ফলাফলের জন্য অপেক্ষায় থাকিবেন, অথবা আপনি যদি একজন এমডিআরও বাহক হন, হাসপাতালের অন্যান্য রোগীদের মধ্যে এমডিআরও সমূহের বিস্তার রোধকল্পে আপনি পৃথক ব্যবস্থায় থাকিবেন।

পৃথকীকরনে থাকিবার অর্থ হইল :

- আমরা আপনার কক্ষের দরজায় একটি পৃথকীকরন চিহ্ন স্থাপন করি।
- আপনাকে শুশ্রুষা করিবার সময় আমরা হাতে গ্লাভস এবং আমাদের পরিধেয় কাপড়ের উপর একখানি গাউন পরিধান করি।

- আমরা আপনাকে আপনার নিজের ধৌতগার অথবা কমোড (চলমাল পায়খানা) ব্যবহার করিতে বলি।
- **করিবেননা-** ভাগাভাগী করিয়া ব্যবহার, আপনার ধৌতগার অথবা কমোড অন্যান্য রোগী অথবা আপনার অতীথিদের সঙ্গে।

- আপনার অতীথিদের কক্ষে প্রবেশের পূর্বে এবং প্রস্হানের পরে তাহাদার হাত পরিস্কার করিতে বলুন।
- যদি আপনার পরীক্ষার ফলাফলে দেখা যায় যে এমডিআরও সমূহ আপনার অন্ত্রনালীতে বিদ্যমান, তাহা হইলে যে কেহ আপনার কক্ষে প্রবেশ কালে অবশ্যই গ্লাভস এবং গাউন প্রতিবার পরিধান করিয়া প্রবেশ করিবেন।
- স্বাস্থ্যসেবা দানকারীগন এবং অতীথিবৃন্দ কক্ষ ত্যাগ করিবার কালে তাহাদের গ্লাভস এবং গাউন অপসারন করিবেন।

বাড়ীতে:

স্বাস্হ্যবান ব্যাক্তিদের এমডিআরও বাহক হওয়ার ঝুকি কম। যাহা হউক অন্যদের মধ্যে এমডিআরও সমূহের বিস্তার প্রতিরোধে নিম্নলিখিত এই সকল নির্দেশাবলী অনুসরন করুন।

- ঘনঘন হাত ধৌত করুন বিশেষ করিয়া গোশলখানায় যাওয়ার পর এবং খাদ্য গ্রহনের পূর্বে।
- যে সকল ব্যাক্তি আপনার সঙ্গে বসবাস করেন তাহারা অবশ্যই হাত ধৌত করিবেন।
- **করিবেননা-** ভাগাভাগী করিয়া ব্যবহার ব্যাক্তিগত ব্যবহায্য সামগ্রী যথা তোয়ালে, দাতব্রাস অথবা দন্ডসাবান।
- পরিচ্ছন্ন স্নানাগার এবং অন্যান্য ঘনঘন স্পর্শ যোগ্য উপরিভাগে (উদাহরন স্বরূপ লাইট সুইচ এবং পানির কল) প্রতিদিন একবার এবং যদি দৃশত: দুষিত মনে হয় তবে বেশী ঘনঘন পরিস্কার করুন।
- না ফেলিয়া দিবার যোগ্য পরিস্কার করার কাপড় প্রতিবার ব্যবহারের পর ধৌত করুন।
- উন্মুক্ত নি:সৃতমান ক্ষতের উপর একটি পরিস্কার ব্যান্ডেজ রাখুন।

যদি আপনাকে হাসপাতালে ফেরত আসিতে হয়:

নার্স অথবা ডাক্তারকে বলুন যে আপনি "এমডিআরও" বহনকারী, যেন আপনাকে পুনরায় পরীক্ষা করা যায়।

আরও বেশী জানিবার জন্য, জিঙ্গাসা করা উত্তম:

- আপনার ফ্যামিলি ডাক্তারকে
- আপনার ফার্মাসিষ্টকে
- হেলথ লিংক বিসি HealthLinkBC - ফোন ৮-১-১ (৭-১-১ বধির এবং কম শ্রবনশীল ব্যাক্তি দের জন্য) অথবা অনলাইনে দেখুন : www.HealthLinkBC.ca.

এই তথ্যাদি আপনার স্বাস্হ্যসেবা দানকারীদের দেওয়া উপদেশ প্রতিস্হাপন করিবে না।